

কোচিং সেন্টার নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের জরুরি নির্দেশনা

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

কোচিং সেন্টার কার্যক্রম বন্ধের সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আগামীকাল সোমবার থেকে পবিত্র ঈদুল ফিতরের ছুটি পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টারের কার্যক্রম বন্ধ থাকবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

রবিবার (৮ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-১ শাখার এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, সোমবার থেকে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে সরকার ঘোষিত ছুটিকাল পর্যন্ত বাংলা মিডিয়াম ও ইংলিশ মিডিয়ামসহ সব

ধরনের কোচিং সেন্টারের সব কার্যক্রম বন্ধ থাকবে।

তবে, বিদেশি কারিকুলামে পরিচালিত বিদ্যালয়ে শুধুমাত্র আবশ্যিক পরীক্ষাগুলো তাদের নির্ধারিত শিডিউল অনুযায়ী পরিচালিত হবে।

পবিত্র মাহে রমজানে ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন শহরের জনভোগান্তি নিরসন, বিশ্ব পরিস্থিতি বিবেচনায় সব বিদেশি কারিকুলামে পরিচালিত (ইংলিশ মিডিয়াম স্কুল) বিদ্যালয়গুলোর প্রতিনিধি নিয়ে শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। একইসঙ্গে এই নির্দেশনা সব শিক্ষা বোর্ড চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও সব জেলা প্রশাসককে পাঠানো হয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

